গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও,ঢাকা ১২০৭।
www.cca.gov.bd

: সিসিএ কার্যালয়ের ইনোভেশন কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ রাশেদ ওয়াসিফ, উপ-নিয়ন্ত্রক (আইসিটি)।

স্থান : সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

তারিখ ও সময় : ২৩.১২.২০১৯ খ্রি: বেলা ০৩:০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সিসিএ কার্যালয়ের উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দকে স্ব-প্রণোদিত হয়ে কাজ করার আহবান জানান। এ সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রতি কর্মকর্তাগণকে বিশেষ গুরুত্ব দেয়ার নির্দেশ দেন। সভার কার্যপত্রের আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করা হয়।

| আলোচ্য বিষয় | সভার আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ | (ক) ইনোভেশন অফিসার জনাব মোহাম্মদ রাশেদ ওয়াসিফ ইনোভেশন টিমকে এ কার্যালয়ের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ যথাযথভাবে বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সদস্যদের অনুরোধ জানান। অর্ধবার্ষিক কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করতে হবে। | (ক) ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। অর্ধবার্ষিক কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করতে হবে। | (ক) ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ২.উদ্ভাবনী প্রশিক্ষণ | ২০১৯-২০২০ অর্থবছরের কর্মপরিকল্পনার ৪.২ নং বাস্তবায়নে দুইদিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। কিন্তু ৪.৩ নং এ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। | এ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রশিক্ষণ আয়োজনে প্রশিক্ষকের সাথে যোগাযোগ করতে হবে এবং বাজেট প্রণয়ন করে নিয়ন্ত্রক মহোদয়ের অনুমোদন নিতে হবে। | সহকারী নিয়ন্ত্রক (অর্থ ও প্রশাসন), তদন্ত কর্মকর্তা (আইন), সহকারী প্রকৌশলী (আইটি সিকিউরিটি) |
| ৩. উদ্ভাবকগণকে দেশে /বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | বার্ষিক কর্মপরিকল্পনার ৯.২ ও ৯.৩ বাস্তবায়নে ন্যূনতম ১ জন কর্মকর্তাকে দেশে ও বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা প্রয়োজন। | সেপ্রেক্ষিতে দেশে ইনোভেশন কার্যকম সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান পরিদর্শন করা যেতে পারে। এ বিষয়ে টিমের সকল সদস্য মতামত প্রেরণ করবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৪.ইনোভেশন কর্ণার | সিসিএ কার্যালয়ের ওয়েবসাইটের ইনোভেশন কর্ণার ও উদ্ভাবনী কার্যক্রম সেবাবক্স হালনাগাদ থাকা প্রয়োজন। | সিসিএ কার্যালয়ের ওয়েবসাইটের ইনোভেশন কর্ণার ও উদ্ভাবনী কার্যক্রম সেবাবক্সে হালনাগাদ করতে হবে। | সহকারী নিয়ন্ত্রক (ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন) |

| | | | |
|---|---|---|---|
| ৫.ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন | ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য দুটি ইনোভেশন কার্যক্রম নির্বাচন হয়েছে। তন্মধ্যে একটি হলো সিএ অডিট মনিটরিং সিস্টেম এবং অন্যটি হলো সিএ লাইসেন্স ডিস্ট্রিবিউশন সিস্টেম। দুটি সফটওয়্যারের স্পেসিফিকেশন দ্রুত প্রস্তুত করতে হবে। সহকারী প্রকৌশলী জানান যে, এ দুটি আইডিয়ার বাস্তবায়নের জন্য প্রসেস ম্যাপ প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে ইনোভেশন অফিসার জানান যে, প্রসেস ম্যাপ ইনোভেশন টিমের সকল সদস্য পর্যবেক্ষণ করে মতামত প্রদান করা প্রয়োজন। | দুটি সফটওয়্যারের স্পেসিফিকেশন দ্রুত প্রস্তুত করতে হবে। এজন্য প্রস্তুতকৃত প্রসেস ম্যাপ ইনোভেশন টিমের সকল সদস্য পর্যবেক্ষণ করে মতামত প্রদান করবেন। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৬.ইনোভেশন কার্যক্রম | ক) DEMRS সফটওয়্যার hosting এর জন্য সার্ভারসমূহ বিসিসি ডাটা সেন্টারে প্রতিস্থাপনের বিষয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল। এরই প্রেক্ষিতে SQTC কর্তৃক সফটওয়্যার টেস্টিং করত: হোস্টিংকৃত সার্ভার প্রতিস্থাপন করা যাবে। SQTC কর্তৃক সফটওয়্যারটি টেস্ট করে কিছু Bug পাওয়া যায়, যা দূরীকরণে উন্নয়নকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।<br><br>খ) Leave Management সফটওয়্যার চালু রাখার এবং মেইনটেন্যান্স করার জন্য উন্নয়নকারী প্রতিষ্ঠানের সাথে Agreement করা প্রয়োজন।<br><br>গ) Training calendar Automation software এর দ্রুত Security test, functional test, performance test সম্পন্ন করে SQTC তে পত্র প্রেরণ করা প্রয়োজন। | ক) SQTC কর্তৃক অতিদ্রুত DEMRS সফটওয়্যার টেস্টিং করত: Bug দূর করে কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) Leave Management সফটওয়্যার চালু রাখার এবং মেইনটেন্যান্স করার জন্য উন্নয়নকারী প্রতিষ্ঠানের সাথে Agreement এর জন্য নিয়ন্ত্রক মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।<br><br>গ) Training calendar Automation software এর দ্রুত Security test, functional test, performance test দ্রুত সম্পন্ন করার জন্য SQTC বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |
| ৭.বিবিধ | সিসিএ কার্যালয়ে ই-নথি কার্যক্রম আরও তরান্বিত করা প্রয়োজন। ইতোমধ্যে সকল নথি কার্যক্রম ই নথিতে সম্পন্ন হচ্ছে। কিন্তু ই-নথিতে নথি নিষ্পন্নকরণসহ পত্রজারি আরও দ্রুততার সহিত সম্পন্ন করা প্রয়োজন। | সকল নথি কার্যক্রম ই-নথিতে আরও দ্রুততার সহিত সম্পন্ন করতে হবে। এ কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | ইনোভেশন টিমের সদস্যবৃন্দ |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১২/২০১৯

মোহাম্মদ রাশেদ ওয়াশিফ
উপ-নিয়ন্ত্রক (আইসিটি)
☎: +৮৮০ ৮১৮১৭১৩

ফ্যাক্স: +৮৮০ ২ ৮১৮১৭১১

স্মারকনং-৫৬.০৩.০০০০.০০৩.০৫.০০৭.১৯- ৩৭০

তারিখ: ১০ পৌষ ১৪২৬ / ২৪ ডিসেম্বর ২০১৯

বিতরণ: সদয় অবগতি জন্য ও কার্যার্থে

০১। নিয়ন্ত্রক, সিসিএ কার্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০২। সহকারী নিয়ন্ত্রক (অর্থ ও প্রশাসন/ ডাটাবেজ ও ওয়েব এ্যাডমিনিস্ট্রেশন, সিসিএ কার্যালয়,আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩। তদন্তকর্মকর্তা/ সহকারী প্রকৌশলী, সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৪। অফিস কপি।